

...

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	০৩.০৫.২০২৩।
সভার সময়	১১.০০ ঘটিকায়
স্থান	কক্ষ নং-২২৫, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	নথিতে সংরক্ষিত রয়েছে।

সভাপতি মহোদয় সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করার অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম-সচিব (বাজেট) জনাব মো: আব্দুল গফুর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

০২। এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) মো: আব্দুল গফুর সভায় অবহিত করেন যে সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি নতুন শ্রেণি বিন্যাস ভিত্তিক অনলাইন ডাটাবেজ (iBAS++ সিস্টেম) এর মাধ্যমে বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। ২০১৭-১৮ অর্থবছর হতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন সকল দপ্তরে অনলাইনে বাজেট এন্টি কার্যক্রম তথা Budget Execution মডিউল বাস্তবায়ন চলমান রয়েছে।

০৩। অনলাইনে বাজেট ব্যবস্থাপনা সুচারুপে সম্পন্ন করার জন্য এ বিভাগ হতে সকল অফিসের এন্ট্রি প্রদানকারী এবং অনুমোদনকারী কর্মকর্তার অনুকূলে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হচ্ছে। এছাড়াও এ বিভাগ হতে Budget Execution মডিউল বাস্তবায়নের জন্য সকল দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে প্রশিক্ষণও প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচী-(ক) ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ:

ক.১। **উপস্থাপনাঃ** এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতি অনলাইন ডাটাবেজ (iBAS++ সিস্টেম) এর মাধ্যমে বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে অর্থ বিভাগ হতে ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৪২৮৬৮.১৩ কোটি, ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব আহরণের প্রক্ষেপণ ৫০৯২৯৮.৩৫ কোটি এবং ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব আহরণের প্রক্ষেপণ ৫৮৫৬৯৩.১০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।

রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	প্রাক্কলন	প্রক্ষেপন	
		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	৪৪২৮৬৮.১৩	৫০৯২৯৮.৩৫	৫৮৫৯৬৩.১০

ক.২। আলোচনাঃ এ বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে অর্থ বিভাগের নির্ধারিত সিলিং অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে নন-ট্যাক্স ও কর রাজস্বের সমন্বয়ে নিম্নোক্ত সিলিং অনুমোদন করা প্রয়োজন:

রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ:

(অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	প্রাক্কলন	প্রক্ষেপন	
		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	৪৪২৮৬৮.১৩	৫০৯২৯৮.৩৫	৫৮৫৯৬৩.১০

ক.৫। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

(i) অনুচ্ছেদ-ক.২ এ বর্ণনা অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার নন-ট্যাক্স ও কর রাজস্বের সমন্বয়ে নিম্নোক্তভাবে সিলিং বিভাজন এর প্রস্তাব অনুমোদন করা হলো:

রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	প্রাক্কলন	প্রক্ষেপন	
		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	৪৪২৮৬৮.১৩	৫০৯২৯৮.৩৫	৫৮৫৯৬৩.১০

আলোচ্যসূচী-(খ)২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমার (পরিচালন+উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ:

খ.১। উপস্থাপনাঃ এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ অনুযায়ী নিম্নরূপ ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রস্তাবিত ব্যয়সীমা

(অংকসমূহ কোটি টাকায়)

কোড	মন্ত্রণালয়/বিভাগ	২০২৩-২৪ অর্থবছরের জন্য ব্যয়সীমা			উপমোট	মোট	প্রক্ষেপণ	
		পরিচালন	জিওবি	পিএ			২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬=৪+৫	৭=৩+৬	৮	৯
১১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	৩১১৩.০৩	১৯০.৬০	১৯১.৯১	৩৮২.৫১	৩৪৯৫.৫৪	৩৭৭৫.১৮	৪০৭৭.২০

খ.২। আলোচনাঃ এ বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগের নির্ধারিত সিলিং অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট (পরিচালন+উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ নিম্নোক্ত বিভাজন অনুমোদন করা

প্রয়োজন। এ ছাড়াও সভাপতি মহোদয় পরিচালন ব্যয়ের বাজেটের বিপরীতে যথাযথভাবে বাজেট ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেনঃ

(অংকসমূহ কোটি টাকায়)

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট (পরিচালন+উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপন নিম্নরূপ:				
	বাজেট	প্রাক্কলন	প্রক্ষেপন	প্রক্ষেপন
সচিবালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (পরিচালন)	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
	১৫৫.৮৯	১৫৬.৪২	১৭২.০৬২০	২০৭.৪৮৯৫
জাতীয় রাজস্ব বোর্ড (পরিচালন)	২৪১৪.৮৮	২৭৩৮.৭৯	২৫১৯.৩৬	২৫১৯.৩৬
জাতীয় রাজস্ব বোর্ড (উন্নয়ন)	৫০২.৪৭	৬২৯.৮৬৩৪	৪৫০.৬৭৮৭	১৫১.৬৭১৮
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল (পরিচালন)	৬.০৭	৬.৬৭	৭.৩৪৪৭	৮.০৭৯১
কর আপীলাত ট্রাইব্যুনাল (পরিচালন)	১৩.৬৯	১৫.০৫৯	১৬.৫৬৪৯	১৮.২২১৩
জাতীয় সংসদ অধিদপ্তর (পরিচালন)	৩৮৪.৭১	৪২৩.১৮১	৪৬৫.৪৯৯১	৫১২.০৪৮৮
মোট অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (পরিচালন+উন্নয়ন)	৩৪৭৭.৭১	৩৪৯৫.৫৪	৩৭৭৫.১৮	৪০৭৭.২০

খ.৩। সভাপতি মহোদয় এ বিভাগের প্রকল্পসমূহ যথাযথভাবে পরিচালনাসহ প্রকল্পের কার্যক্রম গতিশীল করাসহ নতুনভাবে রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প-২, সিরাজগঞ্জ কর ভবন নির্মাণ প্রকল্প, ৩টি বিভাগীয় শহর ও ৩টি জেলা সদরে কর ভবন নির্মাণ প্রকল্প, বিসিএস (কর) একাডেমী এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রথম পর্যায়), চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প, খুলনা ভ্যাট ভবন নির্মাণ প্রকল্প, মংলা কাস্টম হাউস নির্মাণ প্রকল্প, দর্শনা শুল্ক স্টেশন নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুততা পরিকল্পনা কমিশনের অনুমোদন গ্রহণের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

খ.৪। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

(i) অনুচ্ছেদ-খ.২ এর বর্ণনা অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট (পরিচালন+উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপন নিম্নোক্তভাবে বিভাজন অনুমোদন করা হলো:

(অংকসমূহ কোটি টাকায়)

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট (পরিচালন+উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপন নিম্নরূপ:				
	বাজেট	প্রাক্কলন	প্রক্ষেপন	প্রক্ষেপন
সচিবালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (পরিচালন)	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
	১৫৫.৮৯	১৫৬.৪২	১৭২.০৬২০	২০৭.৪৮৯৫
জাতীয় রাজস্ব বোর্ড (পরিচালন)	২৪১৪.৮৮	২৭৩৮.৭৯	২৫১৯.৩৬	২৫১৯.৩৬
জাতীয় রাজস্ব বোর্ড (উন্নয়ন)	৫০২.৪৭	৬২৯.৮৬৩৪	৪৫০.৬৭৮৭	১৫১.৬৭১৮
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল (পরিচালন)	৬.০৭	৬.৬৭	৭.৩৪৪৭	৮.০৭৯১
কর আপীলাত ট্রাইব্যুনাল (পরিচালন)	১৩.৬৯	১৫.০৫৯	১৬.৫৬৪৯	১৮.২২১৩
জাতীয় সংসদ অধিদপ্তর (পরিচালন)	৩৮৪.৭১	৪২৩.১৮১	৪৬৫.৪৯৯১	৫১২.০৪৮৮
মোট অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (পরিচালন+উন্নয়ন)	৩৪৭৭.৭১	৩৪৯৫.৫৪	৩৭৭৫.১৮	৪০৭৭.২০

(ii) প্রকল্পের কার্যক্রম গতিশীল করাসহ নতুনভাবে রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প-২, সিরাজগঞ্জ কর ভবন নির্মাণ প্রকল্প, ৩টি বিভাগীয় শহর ও ৩টি জেলা সদরে কর ভবন নির্মাণ প্রকল্প, বিসিএস (কর) একাডেমী এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রথম পর্যায়), চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প, খুলনা ভ্যাট ভবন নির্মাণ প্রকল্প, মংলা কাস্টম হাউস নির্মাণ প্রকল্প, দর্শনা শুল্ক স্টেশন নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত অনুমোদন গ্রহণের উদ্যোগ গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে পত্র প্রেরণ করতে হবে।

আলোচ্যসূচী-(গ) জাতীয় রাজস্ব বোর্ডের iVas System-কে বিশেষ কর্মসূচি হিসেবে অন্তর্ভুক্তিকরণ:

গ.১। **উপস্থাপনাঃ** এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে পাঁচ বছর মেয়াদী ২৯০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জাতীয় রাজস্ব বোর্ডের iVas System-কে বিশেষ কর্মসূচি হিসেবে অন্তর্ভুক্তিকরণের জন্য এ বিভাগকে অনুরোধ করা হলে এ বিভাগ হতে অর্থ বিভাগকে অনুরোধ করা হয়। অর্থ বিভাগে গত ১৩.০৩.২০২৩ খ্রিঃ তারিখে এ সংক্রান্ত বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশেষ কর্মসূচিতে অন্তর্ভুক্তির পাশাপাশি এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

গ.২। **আলোচনাঃ** সভায় উপস্থাপিত জাতীয় রাজস্ব বোর্ডের iVas System-কে বিশেষ কর্মসূচি হিসেবে অন্তর্ভুক্তিকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পাঁচ বছর মেয়াদী ২৯০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জাতীয় রাজস্ব বোর্ডের iVas System-কে বিশেষ কর্মসূচি হিসেবে অন্তর্ভুক্তিকরণের অনুমোদনের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।

গ.৩। **সিদ্ধান্তঃ** পাঁচ বছর মেয়াদী ২৯০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জাতীয় রাজস্ব বোর্ডের iVas System-কে বিশেষ কর্মসূচি হিসেবে অন্তর্ভুক্তিকরণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-(ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুমোদন:

ঘ.১। **উপস্থাপনাঃ** এ বিভাগের যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) (খসড়া) এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

ঘ.২। **আলোচনাঃ** সভায় উপস্থাপিত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) খসড়া বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর খসড়া অনুমোদনের বিষয়ে সকলেই একমত পোষণ করেন:

ঘ.৩। **সিদ্ধান্তঃ** অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর খসড়া সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়।

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪৪.২০.০০১.২০.১৩৩


তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০

০৮ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা।
- ৪) সদস্য (বোর্ড প্রশাসন) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৬) প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।

- ৭) মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৯) যুগ্ম সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ১০) প্রকল্প পরিচালক (সকল), ...।
- ১১) উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ১২) চীফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



দীপক কুমার বিশ্বাস
উপসচিব